একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১০১.১৯.০২৩.২৪-৮৪৯৭,

তারিখ: ০২ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর আকস্মিক পরিদর্শন উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানে ডেঙ্গু প্রতিরোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সার্বিক প্রস্তুতি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর বিভিন্ন হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক এলাকা পরিদর্শনের অংশ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান সম্প্রতি রাজউক উত্তরা মডেল কলেজ, মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এবং মিরপুর বাঙলা কলেজসহ বিভিন্ন স্থাপনা আকস্মিকভাবে পরিদর্শন করেছেন।

এমতাবস্থায়, ঢাকা মহানগরীসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ নিজ প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও শৃঙ্খলা নিশ্চিত করার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ, অফিসকক্ষ, বারান্দা, ছাদ, শৌচাগার, আঙিনা ও আশপাশের এলাকা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

২. কোথাও পানি জমে আছে কিনা, তা পরীক্ষা করে অবিলম্বে অপসারণ করতে হবে এবং মশার প্রজনন স্থল ধ্বংস করে ডেঙ্গু প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩. শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের সম্পৃক্ত করে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে;

৪. প্রতিষ্ঠানের সার্বিক শৃঙ্খলা, স্বাস্থ্যসম্মত পরিবেশ ও প্রয়োজনীয় প্রশাসনিক প্রস্তুতি নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতিব জরুরি

(প্রফেসর মোঃ নাজমুল হক)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৫৮
nazmulhaque.bc@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০২। অধ্যক্ষ, সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
০৩। অধ্যক্ষ, বেসরকারি কলেজ/স্কুল এন্ড কলেজ (সকল);
০৪। উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
০৬। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (সকল);
০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:
০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (সকল);
০৩। পি.এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪। সংরক্ষণ নথি।

CamScanner